বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
হ্যাঁ
না

রোববার, ১৫ নভেম্বর ২০২৬
২৯ কার্তিক ১৪৩৩
সঠিক সময়ে সঠিক খবর

মাদক সেবনের ভিডিও করা ৪ সাংবাদিকের বিরুদ্ধে বিএনপি নেতার মামলা

টাঙ্গাইল প্রতিনিধি
১৪ নভেম্বর ২০২৬, ১৮:৪৫

পছন্দসই সোর্সে যোগ করুন



আদালতে চার সাংবাদিক

টাঙ্গাইলের সখিপুরে মাদক সেবনের নিউজ করতে গিয়ে বিএনপি নেতা ও তার অনুসারীদের হাতে চার সাংবাদিক ‘মবের’ শিকার হয়েছেন বলে অভিযোগ উঠেছে। শুধু তাই নয়, বিএনপি নেতার চাঁদাবাজির অভিযোগে করা মামলার পর চার সাংবাদিককে হাতকড়া পরিয়ে আদালতে পাঠিয়েছে পুলিশ।

শনিবার (১৪ নভেম্বর) দুপুরে তাদের আদালতে পাঠানো হয়। এর আগে শুক্রবার রাতে উপজেলার দাড়িয়াপুর ইউনিয়নের দেওবাড়ী এলাকায় এ ঘটনা ঘটে।

গ্রেফতার হওয়া সাংবাদিকরা হলেন— এনটিভি ডিজিটালের সখিপুর উপজেলা প্রতিনিধি আব্দুর রাজ্জাক সুজন, দৈনিক মানবকণ্ঠের সখিপুর প্রতিনিধি মোর্শেদ খান, স্থানীয় সাপ্তাহিক সখিপুর বার্তার অনলাইন ইনচার্জ শেখ মনির ও সুজনের সহকারী সানিম মিয়া।

এ ঘটনায় শনিবার সকালে দাড়িয়াপুর ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও স্থানীয় বাজার বণিক সমিতির সভাপতি ফজলুর রহমান ফজলু বাদী হয়ে চার সাংবাদিকের বিরুদ্ধে চাঁদাবাজির মামলা করেন। মামলার বাদী একজন বিএনপি নেতা হওয়ায় ঘটনাটি নিয়ে স্থানীয় রাজনৈতিক ও সাংবাদিক মহলে আলোচনা ও সমালোচনার সৃষ্টি হয়েছে।

গ্রেফতার সাংবাদিক ও তাদের পরিবারের সদস্যদের দাবি, শুক্রবার সন্ধ্যায় চার সাংবাদিক দেওবাড়ী বাজার এলাকায় এক নারীকে ধর্ষণের অভিযোগের ঘটনায় স্থানীয়ভাবে করা সালিশের সংবাদ সংগ্রহ করতে যান। তাদের ভাষ্য অনুযায়ী, স্থানীয় যুবক নজরুল ইসলামের বিরুদ্ধে ওঠা অভিযোগটি মাতবরদের সহযোগিতায় দুই লাখ ৮০ হাজার টাকায় মীমাংসা করা হয়। এর মধ্যে ওই নারীকে দুই লাখ টাকা এবং মাতবরদের ৮০ হাজার টাকা দেওয়া হয় বলে তারা জানতে পারেন।

সংবাদ সংগ্রহের একপর্যায়ে স্থানীয় এক ব্যক্তি সাংবাদিকদের পাশের একটি বাড়িতে মাদক সেবনের তথ্য দেন। পরে সাংবাদিকরা ওই বাড়িতে গিয়ে কয়েকজনকে গাঁজা সেবন করতে দেখে ভিডিও ধারণ করেন বলে তাদের দাবি। এ সময় বাড়ির মালিকের স্ত্রী স্থানীয় যুবদল নেতা জাহিদকে ফোন করেন। পরে জাহিদ ঘটনাস্থলে এসে সাংবাদিকদের বাজারে নিয়ে যান।

সাংবাদিকদের অভিযোগ, সেখানে জাহিদের অনুসারীসহ স্থানীয় লোকজন জড়ো হয়ে তাদের ঘিরে ধরেন এবং হেনস্তার চেষ্টা করেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের উদ্ধার করে থানায় নিয়ে যায়। এরপর তাদের বিষয়ে কী ব্যবস্থা নেওয়া হবে, তা নিয়ে দফায় দফায় আলোচনা হয় বলেও দাবি করেছেন সাংবাদিক ও তাদের পরিবারের সদস্যরা।

তাদের অভিযোগ, শনিবার সকালে বিএনপি নেতা ফজলুর রহমান বাদী হয়ে চাঁদাবাজির মামলা

সর্বাধিক পঠিত

রাজধানীকে নিয়ে নতুন পরিকল্পনা, পুনরুদ্ধার হচ্ছে শতাধিক খাল-পুকুর


এক ক্রেডিট কার্ড দিয়েই ইসলামী ব্যাংক থেকে তুললেন সাড়ে ৪ কোটি টাকা


সর্বশক্তি নিয়ে ডিসেম্বরে ঝাঁপিয়ে পড়ার আহ্বান জামায়াত আমিরের


যুক্তরাজ্যে পৌঁছেছেন নাহিদ ইসলাম


৭ ঘণ্টার বৈঠক, শর্ত দিয়ে খোলার ঘোষণা ফিনলে চা কোম্পানির কারখানা


করলেও মামলায় মাদক সেবনকারীদের কাউকে আসামি করা হয়নি। বরং ভিডিও ধারণ করতে যাওয়া সাংবাদিকদেরই মামলায় জড়ানো হয়েছে।

আদালতে নেওয়ার সময় এনটিভি ডিজিটালের প্রতিনিধি আব্দুর রাজ্জাক সুজন সাংবাদিকদের বলেন, 'মাদকসেবীরা আমাদের ম্যানেজ করার চেষ্টা করেছে। আমরা রাজি না হওয়ায় মব সৃষ্টি করে আমাদের ফাঁসানো হয়েছে। আমাদের এক সহকারীর পকেটে জোর করে আট হাজার টাকা ঢুকিয়ে দেওয়া হয়। অথচ যাদের মাদক সেবনের ভিডিও ধারণ করা হয়েছে, তারা বাইরে ঘুরে বেড়াচ্ছে। তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না।'

এদিকে, মামলার বাদী ফজলুর রহমান ফজলুর কাছে সাংবাদিকরা তার কাছ থেকে চাঁদা দাবি বা আদায় করেছেন কি না, জানতে চাইলে তিনি চাঁদা দেননি বলে জানান। এমনকি অভিযুক্ত সাংবাদিকদের নামও তিনি বলতে পারেননি বলে সাংবাদিকদের পক্ষ থেকে দাবি করা হয়েছে।

অন্যদিকে স্থানীয় এক নারী সাংবাদিকদের চাঁদা দিয়েছেন বলে জানিয়েছেন। ফলে চাঁদাবাজির মামলার বাদী ও অভিযোগের কথিত ভুক্তভোগীকে ঘিরে নতুন করে প্রশ্ন দেখা দিয়েছে।

এ ঘটনায় জেলা ও স্থানীয় সাংবাদিকদের মধ্যে তীব্র ক্ষোভ ও প্রতিবাদের সৃষ্টি হয়েছে। সাংবাদিকরা ঘটনার সুষ্ঠু তদন্ত এবং মাদকসেবীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন।

এ প্রসঙ্গে সখিপুর থানার এসআই মোহাম্মদ আজহারুল ইসলাম বলেন, মামলায় চাঁদা দাবি ও চাঁদা আদায়ের অভিযোগ আনা হয়েছে। তবে যার কাছ থেকে চাঁদা আদায় করা হয়েছে বলে অভিযোগ, তিনি কেন মামলার বাদী হননি— এমন প্রশ্নের সুস্পষ্ট জবাব দিতে পারেননি তিনি।

বাংলা ট্রিবিউনের খবর পেতে গুগল নিউজে ফলো করুন

/এফআর/

বিএনপি | সাংবাদিক | অপরাধ

সম্পর্কিত

যেভাবে এক কার্ড দিয়ে হাতিয়ে নিলেন ইসলামী ব্যাংকের সাড়ে ৪ কোটি টাকা

মাদ্রাসাশিক্ষার্থীকে ধর্ষণচেষ্টার অভিযোগে হুজুরকে পিটুনি

বঙ্গোসাগরে ৩৮ জেলের কাছ থেকে ২২৫০ কেজি সামুদ্রিক মাছ জব্দ

সর্বশেষ খবর



কপ৩১

জ্বালানি রূপান্তরে সংসদ সদস্য ও নাগরিক সমাজের ঐক্যবদ্ধ উদ্যোগের আহ্বান



মোটরসাইকেল আরোহী নিহতের পর গোপালগঞ্জে বাসে আগুন



১০ মাসে খুলনা বিভাগে ২৮৮ খুন, ধর্ষণের শিকার ৩০২



জলবায়ু অর্থায়নের প্রতিশ্রুতি, বাস্তবায়নই বড় চ্যালেঞ্জ

মোটরসাইকেল আরোহী নিহতের পর গোপালগঞ্জে বাসে আগুন

গোপালগঞ্জ প্রতিনিধি

১৫ নভেম্বর ২০২৬, ০০:০৬





দুর্ঘটনার পর বিক্ষুব্ধ লোকজন বাসটিতে আগুন ধরিয়ে দেন

গোপালগঞ্জে যাত্রীবাহী বাসের চাপায় মহিবুল্লাহ (৪৫) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় ইজিবাইকের আরও তিন যাত্রী গুরুতর আহত হয়েছেন। দুর্ঘটনার পর বিক্ষুব্ধ লোকজন বাসটিতে আগুন ধরিয়ে দেন।

শনিবার (১৪ নভেম্বর) বিকাল সাড়ে ৪টার দিকে ঢাকা-খুলনা মহাসড়কের গোপালগঞ্জ সদর উপজেলার চন্দ্রদিঘলীয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মহিবুল্লাহ চন্দ্রদিঘলীয়া গ্রামের সুফি সাহেবের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, ঢাকা থেকে ছেড়ে আসা ফাল্গুনী পরিবহনের যাত্রীবাহী বাস চন্দ্রদিঘলীয়া এলাকায় পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে একটি ইজিবাইক ও একটি মোটরসাইকেলকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই মোটরসাইকেল আরোহী মহিবুল্লাহ প্রাণ হারান এবং ইজিবাইকে থাকা তিন যাত্রী আহত হন।

দুর্ঘটনার পরপরই স্থানীয় লোকজন আহতদের উদ্ধার করে গোপালগঞ্জ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করেন। এ ঘটনার জেরে বিক্ষুব্ধ স্থানীয় লোকজন বাসটিতে আগুন ধরিয়ে দেন। খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

গোপীনাথপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. ইকরাম হোসেন বলেন, ‘দুর্ঘটনার পর ফায়ার সার্ভিসের সহায়তায় আগুন নিয়ন্ত্রণে আনা হয়েছে। এ বিষয়ে পরবর্তী আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে।’

/এএম/

বিষয়: গোপালগঞ্জ | সড়ক দুর্ঘটনা | নিহত | আহত | বাসে আগুন

১০ মাসে খুলনা বিভাগে ২৮৮ খুন, ধর্ষণের শিকার ৩০২

হেদায়েৎ হোসেন, খুলনা

১৫ নভেম্বর ২০২৬, ০০:০১

